

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭

তারিখ : ২১ জুন, ২০১৭  
-----  
০৭ আষাঢ়, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সব ভফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

চাল আমদানির ক্ষেত্রে এলসি মার্জিন নির্ধারণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুন, ২০১৭ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটার এর ০৩ ও ০৪ নং ক্রমিকে বর্ণিত অংশটি নিম্নরূপে প্রতিস্থাপিত হবে :

'০৩। তাছাড়া, ধান, চাল ব্যবসায়ী ও চাতাল/মিল মালিকদের ঋণের পরিশোধ সময়সীমা পুনর্নির্ধারণ সংক্রান্ত ১৪ ফেব্রুয়ারি, ২০১১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ এর নির্দেশনা অনুযায়ী Pledge এবং Hypothecation এর বিপরীতে রিভলভিং সিসি/ওডি ঋণের ক্ষেত্রে স্থানীয় মিল মালিকগণসহ সকল ধান/চাল ব্যবসায়ীদের গৃহীত অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করার বাধ্যবাধকতা রয়েছে। এক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সাময়িক ব্যবস্থা হিসেবে এরূপ অগ্রীম/ঋণ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন অন্তর অন্তর আবশ্যিকভাবে পরিশোধ/সমন্বয় করতে হবে।

০৪। ক্রমিক নং ০২ ও ০৩ এর নির্দেশনা ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত বহাল থাকবে এবং উক্ত তারিখের পর এতদপূর্ববর্তী সার্কুলার দু'টির (বিআরপিডি সার্কুলার নং-২৩ তারিখঃ ০২ ডিসেম্বর, ২০০৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩ তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০১১) নির্দেশনা অনুসরণীয় হবে।'

আপনাদের বিশ্বস্ত,



(সাইফুল ইসলাম)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোন: ৯৫৩০১৫৫